



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সেন্টার ফর মেডিকেল এডুকেশন (সিএমই)

মহাখালী, ঢাকা- ১২১৩। ফোন: ০২-২২২২৮৩৮৮৯ E-mail: cme@ld.dghs.gov.bd Web site: www.cme.gov.bd

স্মারক নম্বর- ৫৯.১৪.০০০০.১১৫.১১.০০১.২২.২০

তারিখ: ০২-০২-২০২৩ খ্রি.


আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের বিজ্ঞপ্তি

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৯.৫১.০০১.২০.১০১৮, তারিখ- ১৫.১২.২০২২ মোতাবেক সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর ৩ (২) এর ভিত্তিতে সেন্টার ফর মেডিকেল এডুকেশন, মহাখালী, ঢাকা কার্যালয়ের জন্য নিম্নবর্ণিত পদে সাকুল্য বেতনে আউট সোর্সিং (OutSourcing) প্রক্রিয়ায় বিধি মোতাবেক নিয়োগের জন্য নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র: নং	সেবার নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	সাকুল্য বেতন
০১	গাড়ীচালক	০১ (এক)	(ক) নূন্যতম ৮ম শ্রেণী পাশ। (খ) বৈধ পেশাদার ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। (গ) কমপক্ষে ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	বেতন সর্বসাকুল্যে (মাসিক) ১৮,৬১০/-

শর্তাবলী:

- সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- আবেদনকারী প্রার্থীদের পরিচালক, সেন্টার ফর মেডিকেল এডুকেশন, মহাখালী, ঢাকা-১২১৩ বরাবর লিখিত আবেদন আগামী ১৪/০২/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত) সরাসরি/ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।
- আবেদন পত্রের সাথে নিম্নে বর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে:
(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
(খ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি।
(ঘ) পৌরসভা চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
(ঙ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন এর সত্যায়িত কপি।
(চ) মুক্তিযোদ্ধা প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সকল সনদেও সত্যায়িত কপি।
- সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ০১/০২/২০২৩ খ্রি. তারিখে বয়স ১৮ হতে ৩০ বছর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের নাতি-নাতনীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রের খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- ড্রাইভিং লাইসেন্স, অভিজ্ঞতা সনদ এর সত্যায়িত কপি আবেদনের সাথে জমা দিতে হবে। ড্রাইভার নিয়োগের বিষয়টি অভিজ্ঞতা ও তার গাড়ী চালানোর দক্ষতা (Practical Test) এর উপর প্রাধান্য দেয়া হবে। পূর্বে গাড়ী চালানো কালীন সময়ে কোন অপরাধ/বেআইনি কর্মকাণ্ডে লিপ্ত থাকা বা কোন ফৌজদারি অপরাধে দণ্ডিত থাকা ব্যক্তিকে গাড়ীচালক হিসেবে নিয়োগ করা যাবে না।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- যাচাই-বাছাই এর পর শুধুমাত্র বৈধ প্রার্থীদেরকে পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। এতে কোন প্রকার টিএ বা ডিএ প্রদান করা হবে না।
- চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- বাজেট প্রাপ্তি সাপেক্ষে নিয়োগ কার্যকর করা হবে।
- নিয়োজিত কর্মচারীকে ছুটির দিনে বা সরকারী অফিস সময়ের পরেও দায়িত্ব পালন করতে হবে;
- কোটা সম্পর্কিত সর্বশেষ সরকারি প্রচলিত নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত নিয়োগ স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


অধ্যাপক ডা. সৈয়দা শাহীনা সোবহান
পরিচালক
সেন্টার ফর মেডিকেল এডুকেশন
মহাখালী, ঢাকা-১২১৩